



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৩৭

জাতির পিতার ৪৮তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে নাটোর জেলা তথ্য অফিসের আলোচনা সভা

রাজশাহী; ০৪ ভাদ্র (১৯ আগস্ট):

নাটোরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৮তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা এগারোটায় নাটোর জেলা তথ্য অফিসের আয়োজনে জেলা সরকারি গণগ্রন্থাগার মিলনায়তনে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আবু নাছের ভূঞা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোঃ তারিকুল ইসলাম, পিপিএম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো: মাছুর রহমান ও জজকোর্টের পিপি বীর মুক্তিযোদ্ধা এ্যাড. সিরাজুল ইসলাম, সরকারি গণগ্রন্থাগারের লাইব্রেরিয়ান রেমিনা জান্নাত।

জেলা তথ্য অফিসার মোহাম্মদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক (অব.) অলক মৈত্র, অধ্যক্ষ (অব.) পুলিশ পরিদর্শক মো: আব্দুর রাজ্জাক, মো: আব্দুল জব্বার। অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী তথ্য অফিসার রুপকুমার বর্মণ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, ১৯৭৫ সালের ১৫ই আগস্ট জাতির পিতাকে নির্মমভাবে হত্যা করে জাতিকে কলঙ্কিত করেছে স্বাধীনতাবিরোধী চক্র। তাদের ভূমিকা এখনো পরিলক্ষিত হচ্ছে। একটি উন্নত রাষ্ট্র গঠনে বঙ্গবন্ধুর যে স্বপ্ন ছিল তা, বাস্তবায়ন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তাঁর হাতকে শক্তিশালী করতে সকলের প্রতি তিনি আহ্বান জানান।

অনুষ্ঠানে পুলিশ সুপার বলেন, বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তোলা। অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তোলার জন্য সকলকে এক সাথে কাজ করার আহ্বান জানান তিনি। তিনি নাটোরকে সম্ভ্রাসমুক্ত রাখা এবং স্বাধীনতাবিরোধীদের তৎপরতা রুখতে পুলিশ প্রশাসন কাজ করে যাচ্ছে বলে সভায় অবগত করেন।

অনুষ্ঠানে ছাত্র-ছাত্রী, শিক্ষক, সরকারি কর্মকর্তা-কর্মচারীসহ নানা শ্রেণি-পেশার প্রায় ১৫০ জন মানুষ উপস্থিত ছিলেন।

.....

আলী/তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৮.৫৫ঘ.